

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
মনোহরদী, নরসিংদী।


উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ডিসেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব হাছিবা খান, উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী  
সভার তারিখ : ৩১/১২/২০২৩ খ্রি.  
সভার সময় : সকাল ১০:৩০ ঘটিকা  
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, মনোহরদী, নরসিংদী।  
সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচনা   | সিদ্ধান্ত   | বাস্তবায়নে   |
|--|---|---|
| ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী জানান, অক্টোবর ২০২৩ মাসে তার দপ্তরে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। নভেম্বর ২০২৩ মাসে উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে ৪টি উঠান বৈঠক/সচেতনতামূলক সভা করা হয়। এ সকল কার্যক্রমের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধসহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়েছে। তিনি আরো জানান, নভেম্বর ২০২৩ মাসে কোন ইউনিয়ন হতে ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। তিনি প্রতিমাসে ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানান। | ১। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে প্রশাসনের সহযোগিতায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। প্রতিমাসে ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নিশ্চিত করবেন।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সামাজিক সচেতনতামূলক সকল কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী। |
| ২। মনোহরদী থানায় নারী ও শিশু নির্যাতন মামলা/ অভিযোগ: মনোহরদী থানা হতে প্রাপ্ত প্রতিবেদনে জানা যায় যে, ডিসেম্বর ২০২৩ মাসে মনোহরদী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে ১টি মামলা দায়ের করা হয়। পূর্বের কোনো মামলা অনিষ্পন্ন নেই।  | বিবেচ্য মাসে মনোহরদী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলার সংখ্যা কম হওয়ায় সবাই সন্তোষ প্রকাশ করেন। এ ধারা অব্যাহত রাখার বিষয়ে অফিসার্স ইনচার্জ, মনোহরদী থানা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।   | ১। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, নরসিংদী।   |
| ৩। যৌন হয়রানি (ইভটিজিং): উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী সভায় জানান, বিবেচ্য মাসে যৌন হয়রানি (ইভটিজিং) সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। তিনি যৌন হয়রানি (ইভটিজিং) প্রতিরোধে ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।  | যৌন হয়রানি (ইভটিজিং) প্রতিরোধে ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।  | ১। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, নরসিংদী।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।              |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(হাছিবা খান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি  
মনোহরদী, নরসিংদী।

স্মারক নম্বর: ৩২.০১.৬৮৫২.০২৫.০৬.০০১.২১- ৪৪২

তারিখ: ৩০/১২/২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৩। উপপরিচালক (ম্যাজিস্ট্রেট), নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেল, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
- ৫। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী।
- ৬। উপজেলা ..... কর্মকর্তা।
- ৭। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী।
- ৮। জনাব....., মনোহরদী, নরসিংদী।
- ৯। অফিস কপি।

  
স্বাক্ষর  
(রেহানা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি

মনোহরদী, নরসিংদী।

ফোন: ০১৯৫৮-১৮৭৪৬৩

ই-মেইল: [uwaomonohardi@gmail.com](mailto:uwaomonohardi@gmail.com)